ভোরের কাগজ

তারিখ ... 02. JUN 1998
পৃষ্ঠা ৩ কলাম ৫

### প্রধানমন্ত্রীর উপদেষ্টার সঙ্গে আলোচনা নিষ্ফল

# ওসমানী উদ্যানে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের আমরণ অনশন শুরু

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির আহ্বানে গতকাল সোমবার সকাল থেকে ৯৩ জন শিক্ষক ওসমানী উদ্যানে আমরণ অনশন শুরু করেছেন। গতকাল বিকালে অনশনরত চারজন অসুস্থ হয়ে যাওয়ায় তাদেরকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এদিকে গতকাল দুপুরে অনশনরত শিক্ষকদের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ডা. এস এ মালেকের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকে দুপক্ষের মধ্যে কোনো সমঝোতা হয়নি বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।

দেশের সকল রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করাসহ ৫ দফা দাবিতে গত রোববার তারা প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও ও স্মারকলিপি পেশের কর্মসূচি পালন করে। পুলিশ সার্ক ফোয়ারার সামনে ব্যারিকেড সৃষ্টি করলে তারা রাত ১০টা পর্যন্ত হোটেল সোনারগাঁও সংলগ্ন রাস্তায় অবস্থান করছিল। এরপর তারা ওসমানী উদ্যানে চলে আসে এবং গতকাল সকাল ১০টা থেকে সমিতির সভাপতি শামসুল আলমসহ ৯৩ জন শিক্ষক আমরণ অনশন শুরু করেন। এছাড়াও তিন সহস্রাধিক শিক্ষক বর্তমানে ওসমানী উদ্যানে অবস্থান করছেন। সকাল সাড়ে ১০টার দিকে সমিতির নেতৃবৃন্দকে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে আলোচনার আহ্বান জানানো হয় এবং সরকারি গাড়িতে করে শামসুল আলমসহ সমিতির একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কার্যালয়ে যান। সেখানে তারা দুপুর সোয়া ২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ডা. এস এ মালেকের সঙ্গে আলোচনা করেন। সমিতির দাবিদাওয়া ও আন্দোলনের কর্মসূচি প্রত্যাহার প্রশ্নে দুপক্ষের মধ্যে সমঝোতা প্রতিষ্ঠিত হয়নি।

এদিকে অনশনরত শিক্ষকদের মধ্যে ছয়জন গতকাল বিকালে অসুস্থ হয়ে পড়ে। এদের মধ্যে চারজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হচ্ছেন আবদুল হামিদ (জয়পুরহাট), আবদুল ওয়াহেদ (বরিশাল), মুজিবুর রহমান (ফেনী) ও তোফাজ্জল হোসেন। অসুস্থ অপর দুজন শিক্ষক হচ্ছেন মুফিজুর রহমান (ফেনী) ও আবদুস সাদেক (পাবনা)।

গতকাল বিকালে বিএনপির মহাসচিব আবদুল মান্নান ভূঁইয়া, গণতান্ত্রিক ছাত্রলীগ ও জাতীয় ছাত্রসমাজের নেতৃবৃন্দ অনশনরত শিক্ষকদের সঙ্গে সংহতি জ্ঞাপন করেন।

**দাবি মেনে নেওয়ার আহ্বান**

ওসমানী উদ্যানে অনশনরত বেসরকারি প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করে গতকাল বিএনপি মহাসচিব বলেছেন, শিক্ষকদের অনাহারে রেখে শিক্ষার উন্নতি আশা করা বৃথা। একাত্মতা প্রকাশের জন্য বিএনপি মহাসচিব গতকাল সেখানে যান। আবদুল মান্নান ভূঁইয়া বলেন, সরকার এখন বেসরকারি শিক্ষকদের সঙ্গে প্রতারণা শুরু করেছে। প্রতিশ্রুতি রক্ষা না করায় শিক্ষকরা অনশন করতে বাধ্য হয়েছে। অবিলম্বে শিক্ষকদের সব দাবি মেনে নিতে হবে।

ওয়ার্কার্স পার্টিও বেসরকারি প্রাথমিক শিক্ষকদের দাবি মেনে নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।